# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

Any Information for SSC Reg.Log on www.rajshahieducationboard.gov.bd

## জরুরীবিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নম্বর : ২৫৭/বিনি

তারিখ : ২৪/০৮/২০২৬

বিষয় ঃ ২০২৫-২০২৬ শিক্ষা বর্ষ এবং ২০২৭ সালের পরীক্ষার্থীদের ৯ম শ্রেণীর নিবন্ধন কার্ড মুদ্রণ, সংশোধন ও ৯ম শ্রেণীতে বাদ পড়া শিক্ষার্থীদের নিবন্ধন করন প্রসঙ্গে।

রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়, স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক/অধ্যক্ষের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৭/০৯/২০২৬ তারিখ থেকে ১৮/১০/২০২৬ তারিখের মধ্যে নিজ নিজ প্রতিষ্ঠান হতে রেজিষ্ট্রেশন কার্ড প্রিন্ট করতে পারবে। নির্ধারিত তারিখের পর আর রেজিষ্ট্রেশন কার্ড প্রিন্ট করতে পারবে না। সকল প্রতিষ্ঠানকে অফহোয়াইট/ক্রীম রং এর A4 অথবা Letter Size কাগজে মূদ্রণ করত শিক্ষার্থীর স্বাক্ষর ও প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরের পর (২" ইঞ্চি ব্যাস) এর প্রতিষ্ঠানের গোলসীল ব্যবহার করে পরীক্ষার্থীদের নিবন্ধন কার্ড সরবরাহ এবং ২০২৭ সালের পরীক্ষার্থীদের নিবন্ধন কার্ড সংশোধন ও সময়ের মধ্যে নিবন্ধন কার্যক্রম অর্থাৎ সংশোধন ও বাদপড়া এন্ট্রি করে, সোনালী সেবার মাধ্যমে পে-স্লিপ তৈরী করে টাকা জমা দেওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | বিবরণ | তারিখ থেকে | তারিখ পর্যন্ত | ফি |
|---|---|---|---|---|
| ০১. | বাদপড়া নিবন্ধন | ২৫/১০/২০২৬ | ২৫/১১/২০২৬ | বিজ্ঞপ্তি অনুযায়ী |
| ০২. | ছবি ও বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের তথ্য সংশোধন/পরিবর্তন | ২৫/১০/২০২৬ | ২৫/১১/২০২৬ | ২৫০/- |
| ০৩. | নিবন্ধন কার্ডে বিষয় কোড ভুল সংশোধন ও বিভাগ পরিবর্তন | ২৫/১০/২০২৬ | ২৫/১১/২০২৬ | ২৫০/- |
| ০৪. | নিবন্ধন কার্ডে বিষয় কোড ভুল সংশোধন ও বিভাগ পরিবর্তন | ২৯/১১/২০২৬ | পরীক্ষার পূর্ব দিন পর্যন্ত | ৩০০/- (বিলম্ব ফিসহ) |
| ০৫. | নিবন্ধন কার্ডে বিষয় কোড ভুল সংশোধন | পরীক্ষা চলাকালীন পর্যন্ত | | ৫০০/- |

**নির্দেশনাবলী ঃ**

১. কোন শিক্ষার্থীর নিবন্ধন কার্ড স্থগিত থাকলে উক্ত শিক্ষার্থীর জেএসসি'র মুল সনদ ও বিদ্যালয়ের হার্ড কপিসহ আবেদন করতে হবে। তবে পূর্বে কোন প্রতিষ্ঠানে নিবন্ধন হয়ে থাকলে আবেদন করার প্রয়োজন নাই।

২. নিজ/পিতা/মাতা'র জন্ম তারিখ সংশোধনের ক্ষেত্রে নাম ও বয়স সংশোধন কমিটির পত্র মূলে নিবন্ধন কার্ড সংশোধন করা যাবে।

(মোঃ শামীম হাসান)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজাশাহী

স্মারক নম্বর ঃ ২৫৮/১ম-৮/বিনি

তারিখ ঃ ২৪/০৮/২০২৬ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'ল :

১. সচিব/পরীক্ষা নিয়ন্ত্রক/উপ-পরিচালক(হিঃ ও নিঃ), অত্র বোর্ড।
২. সিনিয়র সিষ্টেম এনালিষ্ট (চঃ দাঃ), অত্র বোর্ড।
৩. হিসাব রক্ষণ অফিসার, অত্র বোর্ড।
৪. হিসাব আয় শাখা, অত্র বোর্ড।
৫. মাধ্যমিক পরীক্ষা শাখা, অত্র বোর্ড।
৬. পি.এস.টু চেয়ারম্যান, অত্র বোর্ড।
৭. অফিস নথি, অত্র বোর্ড।

(লিটন সরকার)
উপ-বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজাশাহী